# মেয়রের কার্যালয়

চুয়াডাঙ্গা পৌরসভা, জেলা-চুয়াডাঙ্গা।

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

**(২৯-১২-২০১৬ ইং)**

| | | | |
|---|---|---|---|
| **সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন** | সভার তারিখ ঃ ২৯-১২-২০১৬ ইং | সভার সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা | **সভার সভাপতি ঃ জনাব মো ঃ ওবায়দুর রহমান চৌধুরী, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা** |

সভায় সম্মানীত সদস্যদের উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিক ভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন জনাব কাজী শরিফুল ইসলাম, সদস্য-সচিব, TLCC ও সচিব, চুয়াডাঙ্গা পৌরসভা। | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে। | কোন সংশোধনীর প্রয়োজন নাই। | সভায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। |

**আলোচ্যসূচী - ২ ঃ বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা**

**ক্ষেত্র - ১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ক)TLCC গঠন ও কার্যকর রাখা<br>(সূত্র ঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ ধারা) | আগামী ৩০ ডিসেম্বর/২০১৬ -এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা হবে ।<br>• TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।<br>TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে।<br>• সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । | আলোচনার শুতেই সচিব সাহেব জানান পৌরসভার আইন, ২০০৯ এর ১৫ ধারা অনুযায়ী চুয়াডাঙ্গা পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করার ০৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে নোটিশ ও কার্যপত্র বিতরণ করা সহ সভা চলমান আছে। TLCC সভার কার্যবিবরণী আগামী ইং ০৭-০১-২০১৭ ইং তারিখে PMO তে প্রেরন করা হবে।<br>অদ্যকার সভার সভাপতি জনাব মো ঃ ওবায়দুর রহমান চৌধুরী, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা সভার শুরুতেই সবাইকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন। এবং কমিটির সকল সদস্যকে যথা সময়ে হাজির হওয়ার জন্য অসুরোধ করেন। পৌরসভায় যেহেতু UGIIP-III প্রকল্পের অর্ন্তরভুক্ত সেজন্য প্রকল্পের নির্দেশনা মেনে অত্র পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | আগামী ৩০ মার্চ/২০১৬ -এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা হবে ।<br>• TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।<br>TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে।<br>• সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । | মেয়র/সচিব |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২ | খ)WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | আগামী ৩০ সেপ্টেম্বর/১৬ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা হবে পরবর্তী সভায় সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে । সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । বিভিন্ন ওয়ার্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা করার কাজ চলমান রাখা হয়েছে। সভার সভাপতি মহোদয় ও জনাব মো ঃ শাহাদৎ হোসেন, আঞ্চলিক সমন্বয়কারী, মাগুরা অঞ্চল মাগুরা সভায় আলোচনাকালে বলেন WC সভা সঠিক সময়ে করতে হবে এং সভার সিদ্ধান্ত সমুহ TLCC সভায় উপস্থাপন করতে হবে। অক্টোবর-ডিসেম্বর-২০১৬ ত্রৈমাসিকের WC সভা সম্পন্ন করা হয়েছে এবং সভার কার্যাববরনী তৈরী করা হয়েছে। WC সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যগুলো চিহ্নিত করা হয়েছে এবং পৌর পরিষদের সভায় আলোচনা সাপেক্ষে চিহ্নিত সমস্যাগুলো সমাধানের উদ্যোগ গ্রহন করা হবে। | আগামী ৩০ মার্চ/১৭ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা হবে পরবর্তী সভায় সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে । সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । বিভিন্ন ওয়ার্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী |
| ৩ | গ) নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | TLCC সদস্য জনাব মো ঃ মাহবুল ইসলাম আলোচনায় অংশ নিয়ে ইং ২৬-০৫-২০১৬ তারিখ হতে শহরের গুরুত্বপূর্ণ স্থান বিশেষ করে রড়বাজার শহীদ হাসান চত্তর মোড়, একাডেমী মোড় এবং রেলষ্টেশন মোড়ে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করায় পৌরসভাকে ধন্যবাদ দেন। এবং আরো অন্তত: ০৫ টি স্থানে নাগরিক সনদ স্থাপনের সুপারিশ করেন। | TLCC সদস্য জনাব মো ঃ মাহবুল ইসলাম বলেন ইং ২৬-০৫-২০১৬ তারিখ হতে শহরের গুরুত্বপূর্ণ স্থান বিশেষ করে রড়বাজার শহীদ হাসান চত্তর মোড়, একাডেমী মোড় এবং রেলষ্টেশন মোড়ে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করায় পৌরসভাকে ধন্যবাদ দেন এবং আরো ০২ টি স্থানে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করায় পৌরসভাকে ধন্যবাদ দেন। | TLCC সদস্য জনাব মো ঃ সিদ্দিকুররহমান(সাবেক অধ্যাপক, চুয়াডাঙ্গা সরকারী কলেজ) আলোচনায় অংশ নিয়ে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করায় পৌরসভাকে ধন্যবাদ দেন। | মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ সচিব, গণমাধ্যম সেলের সভাপতি |
| ৪ | ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | • সুনির্দিষ্ট অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>• প্রতি সপ্তাহের বৃহস্পতিবার GRC-র সভাপতি ও একজন TLCC-র সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্স খোলার সিদ্ধান্ত হয়।<br>সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা হবে। | অভিযোগ বাক্স স্থাপন করা আছে এবং ত্রৈমাসিক(অক্টোবর-ডিসেম্বর ২০১৬) পর্যন্ত পুরুয়-মহিলা সহ ০৫ টি অভিযোগ জমা পড়ে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিস্টারে সংরক্ষণ করা হয়েছে। সকল অভিযোগ GRC কমিটি কর্তৃক বিবেচনায় নিয়ে উভয় পক্ষের উপস্থিতিতে উক্ত ০৫ টি অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা হবে। (উপস্থাপনা- জনাব মো ঃ একরামুল হক মুক্তা , আহবায়ক, GRC) | • সুনির্দিষ্ট অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>• প্রতি সপ্তাহের বৃহস্পতিবার GRC-র সভাপতি ও একজন TLCC-র সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্স খোলার সিদ্ধান্ত হয়।<br>সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা হবে। | জিআরসি কমিটি/সভাপতি গণমাধ্যম সেল |

## ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৫. | ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | নির্বাহী প্রকৌশলী জানান পৌরসভার উন্নয়ন পরিকল্পনায় বা PDP-তে নতুন ভাবে ৬৮ টি প্রকল্প অর্ন্তরভুক্ত করে TLCC সভায় অনুমোদন নিয়ে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছিল। তবে আশা করা হচ্ছে অচিরেই আমরা দাখিলকৃত প্রকল্পের অনুকুলে ২৫ থেকে ৩০ কোটি টাকা পাবো।<br>প্রকল্প পরিচালকের অফিস হতে দাখিকৃত প্রকল্প সমুহের মধ্যে হতে আপাতত: ২৫ থেকে ৩০ কোটি টাকা পাওয়ার পর বিধি মোতাবেক দরপত্র আহ্বানসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | UGIIP-III প্রকল্পের বিষয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী সাহেব জানান UGIIP-III প্রকল্প হতে প্রাপ্ত ১২,৮৪,০০,০০০/-টাকার প্রকল্পটির কাজ ইতোমধ্যে বিভিন্ন ওয়ার্ডে শুরু হয়েছে। তিনি আরো জানান কাজের গতি কিছুটা মন্থর হলেও অগ্রগতির হার ৬০% এর বেশী। তবে কাজের মান অত্যন্ত ভাল। শুষ্ক মৌসুমে কাজের গতি বৃদ্ধি পেয়েছে এবং আপনাদের সার্বিক সহযোগিতা পাবো বলে আশা করছি।<br>সভায় উস্থিত সদস্যবৃন্দ কাজের মান ভালো হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। | নির্বাহী প্রকৌশলী জানান পৌরসভার উন্নয়ন পরিকল্পনায় বা PDP-তে নতুন ভাবে ৬৮ টি প্রকল্প অর্ন্তরভুক্ত করে TLCC সভায় অনুমোদন নিয়ে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছিল। আপনারা জেনে খুশি হবেন আমাদের দাখিলকৃত প্রকল্পের অনুকুলে ২৫ কোটি টাকা অনুমোদন দিয়েছে। ইতোমধ্যে উক্ত টাকার দরপত্র আহব্বান করা হয়েছে। | মেয়র/নির্বাহী প্রকৌশলী |
| ৬. | খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন | গঠিত ইউনিটের আওতায় নির্বাহী প্রকৌশলী ও উন্নয়ন কাজে সম্পৃক্ত ও সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও তদারকী করণ অব্যাহত রাখবেন। | ত্রৈ-মাসিক ভিত্তিতে ১২-১২-২০১৬ তারিখ অক্টোবর-ডিসেম্বর/১৬ মাসে নগর পরিকল্পনা ইউনিটের সভা অনুষ্ঠিত হয় এবং সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও তদারকী করছেন। | গঠিত ইউনিটের আওতায় নির্বাহী প্রকৌশলী ও উন্নয়ন কাজে সম্পৃক্ত ও সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও তদারকী করণ অব্যাহত রাখবেন। | মেয়র/নির্বাহী প্রকৌশল |
| ৭. | গ)বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন | আলোচোনায় অংশ নিয়ে TLCC –র সদস্য জনাব আলী আহাম্মেদ তার মুক্তি পাড়ার রাস্তা সমুহত্যন্ত নাজুক হওয়ায় জরুরী ভিত্তিতে মেরামতের দারী জানান।<br>এ ছাড়াও TLCC –র আরেক সদস্য প্রাক্তন অধ্যক্ষ জনাব সিদ্দিকুর রহমান বলেন পৌরসভার সকল কাজই যেন টেকসই হয় সে দিকে আরো নজর দিতে হবে। এ ছাড়াও তিনি পৌরসভার সকল ড্রেন নিয়মিত পরিষ্কার করার উপর গুরুত্ব আরোপ করেন।<br>এর পর আলোচনায় অংশ িনিয়ে পৌরসভার নির্বাহী প্রকোশলী জনাব মো ঃ আয়ুব আলী বিশ্বাস বলেন পৌরসভার রাজস্ব তহবিলে প্রয়োজনীয় অর্থের সংকুলান না হওয়ার কারনে এপ্রিল- | ২০১৬-২০১৭ অর্থ বছরের পৌরসভার রাজস্ব বাজেটে O&M খাতে ৬০,৮৫,০০০ টাকা বরাদ্ধ রাখা হয়েছে। পৌরসভার রাজস্ব বাজেট হতে বরাদ্ধ অনুযায়ী ১ম ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০১৬-২০১৭) ভিত্তিতে বরাদ্দকৃত বাজেট হতে O&M কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন খাতে মোট ৭,০৮,৭৯০/-টাকা ব্যয় হয়েছে।<br>ক) পৌর এলাকার বিভিন্ন রাস্তা ও ফুটপাত মেরামত বাবদ ৭৮,০০০/- টাকা ব্যয় করা হয়েছে।<br>খ) সড়ক বাতি সুইচ ও অন্যান্য মালামাল ক্রয় করা হয়েছে- ১০,২,৩৯০/- টাকা।<br>গ) জীপ, পিকআপ,মটর সাইকেল মেরামত ব্যয় ৬৪,০৭০/- টাকা<br>ঘ) ট্রাক ও গার্বেজ ভ্যান মেরামত ব্যয় ৩৯,২১০/- টাকা।<br>ঙ) রোলার মেরামত ব্যয় ৫৫,৩০০/- টাকা।<br>চ) বিভিন্ন আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতি মেরামত বাবদ ৩৪,৭৭৫/-টাকা।<br>ছ) যন্ত্রপাতি ও কম্পিউটার মেরামত বাবদ ১,৯২,৩৯৮টাকা।<br>জ)বর্জ্য ব্যবস্তাপানা ভ্যান/ সাইকেল ও সাইট মেরামত ও রক্ষনাবেক্ষণ ৯৪২৫/- টাকা।<br>ঝ) মশক নিধণ(ফগার মেশিন) ক্রয় ও রক্ষণাবেক্ষণ ৪,৮০০/-টাকা<br>ঞ) অন্যান্য ব্যয় ১,২৮,৪২২/-টাকা | TLCC–র সদস্য প্রাক্তন অধ্যক্ষ জনাব সিদ্দিকুর রহমান বলেন পৌরসভার সকল কাজই যেন টেকসই হয় সে দিকে আরো নজর দিতে হবে। এ ছাড়াও তিনি পৌরসভার সকল ড্রেন নিয়মিত পরিস্কার এবং ড্রেনের উপর স্লাব নির্মান করার উপর গুরুত্ব আরোপ করেন।<br>এর পর আলোচনায় অংশ িনিয়ে পৌরসভার নির্বাহী প্রকোশলী জনাব মো ঃ আয়ুব আলী বিশ্বাস বলেন পৌরসভার রাজস্ব তহবিলে প্রয়োজনীয় অর্থের সংকুলান না হওয়ার কারনে অক্টোবর-ডিসেম্বর/১৬ কোয়ার্টারে অনেক প্রয়োজনীয় রাস্তা ও ড্রেন সংস্কার/মেরামত করা সম্ভব হয়নি।<br>তবে আগামী তে পৌরসভার রাজস্ব বাজেট হতে উক্ত কাজ বাস্তবায়ন করা হবে। | নির্বাহী প্রকৌশলী/ সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | জুন/১৬ কোয়ার্টারে অনেক প্রয়োজনীয় রাস্তা ও ড্রেন সংস্কার/মেরামত করা সম্ভব হয়নি। তবে আগামী ইং ২০১৬-২০১৭ অর্থ বছরে পৌরসভার রাজস্ব বাজেট হতে উক্ত কাজ বাস্তবায়ন করা হবে। | পরিশেষে জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন, জরুরী ভিত্তিতে যে সকল কাজ করা প্রয়োজন সেগুলো মোবাইল মেইনটেনেন্স টিমের মাধ্যমে পরিদর্শন করে তাৎক্ষনিক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার হয়। | | |

## ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৮. | ক) জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | TLCC-র অন্যতম সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছা ঃ লিপি খাতুন ফার্ম পাড়া এলাকার কিছু ড্রেনের উপর স্লাব দেওয়া ও টিউবয়েল দেওয়ার দাবী করেন।<br>এছাড়াও TLCC-র আরেক সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছা ঃ আলেয়া খাতুন ০৯ নং ওয়ার্ডের গোরস্থান পাড়ার কিছু ড্রেনের উপর কতিপয় ব্যক্তি বালি রাখার কারনে ড্রেনের পানি ঠিকমত বেরুচ্ছেনা কারন উক্ত বালি ড্রেনের মধ্যে পড়ে ড্রেন বন্ধ হয়ে যাচ্ছে। তিনি এবিষয়ে জরুরী পদক্ষেপ নেওয়ার দাবী জানান।<br>অত:পর সভার সভাপতি মহেদয় তাৎক্ষণিক ০৯ নং ওয়ার্ডের গোরস্থান পাড়ায় যে সকল ড্রেনের উপর কতিপয় ব্যক্তি বালি রাখার কারনে ড্রেনের পানি ঠিকমত বেরুচ্ছেনা তাদের নামে জরুরী নোটিশ করা এবং লেবার দিয়ে উক্ত ড্রেনের বালি পরিষ্কার করার নির্দেশনা দেন। এছাড়াও ফার্ম পাড়ায় এ মুহূর্তে ড্রেনের উপর স্লাব দিতে না পারলেও অচিরেই কিছু টিউবয়েল দেওয়ার পদক্ষেপ নেওয়া হবে।<br>অতপর: নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতান আরা রত্না জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী কোয়ার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।<br>আগামী জুলাই-সেপ্টেম্বর ২০১৬ কোয়ার্টারে GAP বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ অনুযায়ী খাতওয়ারী ব্যয় করা হবে।<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে প্রণীত জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রশিক্ষন, র‍্যালি, মাসিক সভা ও উঠান বৈঠক অনুষ্ঠান নিয়মিত চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতান আরা রত্না আলোচনায় অংশ নিয়ে বলেন চলতি ইং ২০১৬-২০১৭ সনে জেন্ডার এ্যাকশান প্ল্যান বাস্তবায়নের জন্য ১৬,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে।<br>তিনি আরো জানান বরাদ্দকৃত অর্থ হতে অক্টোবর-ডিসেম্বর/১৬ ত্রৈমাসিকে ৪,৭২,৫০০/-টাকা বরাদ্দের মধ্যে নিম্ন লিখিত খাতে মোট ৫৩,৮৬৫/- টাকা ব্যয় হয়েছে। ব্যয় বিবরণী নিম্নরুপ-<br>• স্থায়ী কমিটির সভা বাবদ খরচ ৯০০/- টাকা<br>• দুস্থ মহিলাদের জন্য আর্থিক সাহায্য বাবদ খরচ ৩৭,৫০০/- টাকা<br>• আর্থ-কর্মসংস্থানের জন্য নারীদের সেলাই প্রশিক্ষন প্রদান বাবদ খরচ ১৫৪৬৫/-টাকা<br>(উপস্থাপনা- জনাব সুলতানা আরা রত্না , চেয়ার পার্সন মহিলা ও শিশু বিষয়ক কমিটি এবং নারী ওয়ার্ড কাউন্সিলর, সংরক্ষিত আসন নং ৪,৫,৬ | TLCC-র অন্যতম সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছা ঃ লিপি খাতুন ফার্ম পাড়া এলাকার কিছু ড্রেনের উপর স্লাব দেওয়া ও টিউবয়েল দেওয়ার দাবী করেন।<br>এছাড়াও TLCC-র আরেক সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছা ঃ আলেয়া খাতুন ০৯ নং ওয়ার্ডের গোরস্থান পাড়াএলাকার কিছু ড্রেনের উপর স্লাব দেওয়ার দাবী করেন।<br>অত:পর সভার সভাপতি মহেদয় জানান আগামীতে ড্রেনের উপর স্লাব দেওয়ার পদক্ষেপ নেওয়া হবে।<br>অতপর: নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতান আরা রত্না জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী কোয়ার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে। | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরর্বতী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৯ | খ) **দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)** | - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়। TLCC এর সম্মানিত সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছা ঃ লিপি খাতুন এর প্রস্তাবনার প্রেক্ষিতে আগামী কোয়াটারের মধ্যে দুস্থ ও অসহায় গরীর মানুষের মাঝে রিংস্লাব প্রদান করা হবো।<br>দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ গোলাম মস্তফা শেখ(মাস্তার) বলেন দরিদ্রদের স্বাবলম্বি করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।<br>PRAP বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে PMO তে প্রেরণ করা হবে।<br>বস্তির সমস্যা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে সমাধানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব কে এম আব্দুস সবুর খান বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়।<br>তিনি আরো বলেন পৌরসভা এলাকায় ২৭টি বস্তি চিহ্নিত করা হয়েছিল। চিহ্নিত বস্তি সমূহের মধ্যে PMO হতে ০৫ টি বস্তি উন্নয়নের জন্য অনুমোদন দিয়েছেন। অনুমোদিত ০৫ টি বস্তিতে SIC গঠন করে PMO-তে প্রেরণ করা হয়েছিল। এর ধারাবাহিকতায় ২৮-১২-২০১৬ তারিথ বস্তি উন্নয়ন কার্য়ক্রম বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। আশা করা হচ্ছে অচিরেই বস্তি উন্নয়ন কার্য়ক্রম শুরু যাবে। এবং তাদের দাবী সমুহ বিশেষ করে ল্যাট্রিন, টিউবয়েল, ফুটপাত, ড্রেন, রোড লাইট স্থাপন করা সম্ভব হবে।<br>অত:পর আলোচনাকালে বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে স্বাস্থ্য সেবা, সেনিটেশন,বিশুদ্ধ পানি সরবরাহ, আর্থিক সাহায্য, ঢেউটিন বিতরন, ফুটপাত ও ড্রেন নির্মান বাবদ ইং ২০১৬-২০১৭ সনে দুস্থ ও অসহায় গরীর মানুষের কিছুটা দুর্দশা লাঘবের জন্য ৩৯,৪৬৭৯৭/-টকার বাজেট বরাদ্দ আছে।<br>তন্মধ্যে ত্রৈ-মাসিক বাজেট বরাদ্দ ছিল ৮,৪২,১৯৯/-টাকা। উক্ত টাকার মধ্যে অক্টোবর-ডিসেম্বর-২০১৬ মাসে নিম্ন-লিখিত খাতসমূহে সর্ব মোট ৪,৩৯,৬৩৩/- টাকা ব্যয় করা করেছে।<br>• হত দারিদ্র মানুষদের স্বাস্থ্য সুবিধা দেয়ার জন্যে ওষুধ প্রদান বাবদ খরচ ১,৩৩,২৩৭/-টাকা।<br>• হত দারিদ্র ছাত্রদের বই ক্রয় বাবদ খরচ ৩৩,৩১০/- টাকা।<br>• হত দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ব্যয় ৭৭,৭০০/- টাকা।<br>• আর্থিক অনুদান বাবদ ব্যয় ১,০০৯৪০/- টাকা।<br>• রিং স্লাব বিতরন বাবদ ৯৪,৪৪৬/- টাকা। | - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়। TLCC এর সম্মানিত সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছা ঃ লিপি খাতুন দুস্থ ও অসহায় গরীর মানুষের মাঝে রিংস্লাব প্রদান করায় মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভাকে ধন্যবাদ দেন। এবং ড্রেনের উপর স্লাব সহ রাস্তা উন্নয়নের দাবী জানান।<br>দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ গোলাম মস্তফা শেখ(মাস্তার) বলেন দরিদ্রদের স্বাবলম্বি করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।<br>PRAP বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে PMO তে প্রেরণ করা হবে।<br>বস্তির সমস্যা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে সমাধানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি |
| ১০. | গ)বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন | প্রকল্প কর্তৃক ০৫ টি বস্তি অনুমোদন হওয়ায় সে সকল বস্তিতে জরিপ কাজ, প্রাথমিক দল গঠন এবং বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠণ করা হয়েছে। এবং PMO-র নির্দেশনা পাওয়া গেলে অনুমোদিত বসিবত সমুহে CAP গঠন করা হবে। আগামী ইং ০৭-১০-২০১৬ তারিখের মধ্যে PMO-তে রিপোর্ট প্রেরণ করা হবে। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক (অতিরিক্ত) স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ গোলাম মস্তফা শেখ(মস্তার) সভাকে জানান যে, ইতোমধ্যে পৌর এলাকার বস্তি সমূহ চিহ্নিত করে ২৭টি বস্তি নির্বাচন করা হয়। এবং প্রকল্প কর্তৃক ০৫ টি বস্তি অনুমোদন হওয়ায় সে সকল বস্তিতে জরিপ কাজ, প্রাথমিক দল গঠন এবং বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠণ করা হয়েছে। এবং অনুমোদিত বস্তি সমুহে নিয়মিত মাসিক সভা চলছে। | প্রকল্প কর্তৃক ০৫ টি বস্তি অনুমোদন হওয়ায় সে সকল বস্তিতে জরিপ কাজ, প্রাথমিক দল গঠন এবং বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠণ করা হয়েছে। এবং PMO-র নির্দেশনা পাওয়া গেলে অনুমোদিত বসিবত সমুহে CAP গঠন করা হবে। আগামী ইং ০৭-০১-২০১৭ তারিখের মধ্যে PMO-তে রিপোর্ট প্রেরণ করা হবে। | সভাপতি/বস্তি উন্নয়ন কর্মকর্তা |

## ক্ষেত্র নং - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১১. | ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | TLCC এর সদস্য জনাব মো ঃ নাসির আহাদ জোয়ার্দ্দার, বিশিষ্ট সমাজ সেবক বলেন পৌরকর ৭১% কর আদায় নিয়ে সন্তুষ্ঠ না হয়ে কিভাবে ১০০% পৌরকর আদায় করা যায় সে বিষয়ে TLCC এর সকল সদস্যদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোকপাত করেন। এবং পৌরকর আদায়ের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে কিনা জানতে চান।<br>বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে ইতোমধ্যে কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট আদায়কারী ও টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্প করে এবং মাইকিং করে পৌর কর আদয়ের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কর্ম-পরিকল্পনা অনুমোদিত হয়। কর্ম-পরিকল্পনা অনুযায়ীন প্রতিটি আদায়কারী নিজ নিজ দায়িত্ব পালন করবেন।<br>অত:পর সভার সম্মানিত সভাপতি ও প্যানেল মেয়র-০১ বলেন আগামী ২০১৬-২০১৭ অর্থবছরে অক্টোবর-ডিসেম্বর/১৬ ত্রৈমাসিকে কর আদায়ের লক্ষ্য মাত্রা ১০০% অর্জন করতে পৌর পরিষদ এবং TLCC এর সকল সদস্যদেরকে তাদের উপর অর্পিত দায়ীত্ব যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ জানান।<br>অত:পর সভার সম্মানিত সভাপতি ও প্যানেল মেয়র মহোদয় কর শাখার সকল আদায়কারীকে আগামী ইং ২০১৬-২০১৭ অর্থ-বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের লক্ষ্য মাত্রা অর্জনের জন্য নির্দেশ দেন। এবং প্রতি মাসের শেষে মেয়র মহোদয়ের নিকট আদায়ের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করা সহ TLCC এর সকল সদস্যকে পৌরকর আদায়ে সার্বিক সহযোগীতা কামনা করেন।<br>এছাড়াও আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী নতুন ও সম্প্রসারিত ভবনের অন্তবর্তী কর নির্ধারন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০১৬-২০১৭ অর্থ বছরের সরকারী পৌরকরের মোট দাবী ৩,৯০,০৪,১৮২/- এবং বেসরকারী পৌরকরের মোট দাবী দাবীর পরিমান ১,৬৯,৪৪,৩৪৬/- টাকা।<br>সরকারী পৌরকরের মোট দাবী ২,২০,৫৯,৮৩৬/-টাকা।<br>অক্টোবর-ডিসেম্বর/১৬মাসের ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌরকর আদায়ের পরিমান =৮১,১৭,০৫৩/- টাকা। | TLCC এর সদস্য জনাব মো ঃ নাসির আহাদ জোয়ার্দ্দার, বিশিষ্ট সমাজ সেবক বলেন কিভাবে ১০০% পৌরকর আদায় করা যায় সে বিষয়ে TLCC এর সকল সদস্যদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোকপাত করেন। এবং পৌরকর আদায়ের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে কিনা জানতে চান।<br>সভাকে জানানো হয় বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে ইতোমধ্যে কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট আদায়কারী ও টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্প করে এবং মাইকিং করে পৌর কর আদয়ের বিষয়ে আলোচনান্তে কর্ম-পরিকল্পনা অনুমোদিত হয়েছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ীন প্রতিটি আদায়কারী নিজ নিজ দায়িত্ব পালন করবেন। বকেয়া কর খেলাপীদের কর পরিশোধ করার জন্য নোটিশ প্রদান করা হচ্ছে।<br>অত:পর সভার সম্মানিত সভাপতি মেয়র মহোদয় কর শাখার সকল আদায়কারীকে আগামী ইং ২০১৬-২০১৭ অর্থ-বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের লক্ষ্য মাত্রা অর্জনের জন্য নির্দেশ দেন। এবং প্রতি মাসের শেষে মেয়র মহোদয়ের নিকট আদায়ের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করা সহ TLCC এর সকল সদস্যকে পৌরকর আদায়ে সার্বিক সহযোগীতা কামনা করেন।<br>এছাড়াও আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী নতুন ও সম্প্রসারিত ভবনের অন্তবর্তী কর নির্ধারন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব /ট্যাক্স শাখা |
| ১২. | খ)পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যাতীত) | কর-বহির্ভুত রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশ নিয়ে TLCC এর সদস্য জনাব নাসির আহাদ জোয়ার্দ্দার বলেন পৌরসভার সামগ্রীক ব্যয় দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অথচ পৌরসভার রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড | পৌরসভার সচিব জনাব কাজী শরিফুল ইসলাম জানান ইং ২০১৬-২০১৭ অর্থ বছরে কর বার্হিভুত দাবীর পরিমান ২,৯০,৫০,৩৩২/- টাকা। | কর-বহির্ভুত রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশ নিয়ে TLCC এর সদস্য জনাব নাসির আহাদ জোয়ার্দ্দার বলেন পৌরসভার সামগ্রীক ব্যয় দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অথচ পৌরসভার রেল বাজার মাছের | সচিব/ সাধারন শাখা/লাইসেন্স শাখা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | পৌরসভা কর্তৃক ইজারা হয় না। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি কল্পে আগামীতে আমরা উক্ত রেল বাজার পৌরসভা কর্তৃক ইজারা দেওয়া দেখতে চায়। পৌরসভার দোকান ভাড়াসহ সকল আয় বাজার মূল্যের সাথ সামঞ্জস্য রেখে কি ভাবে বৃদ্ধি করা যায় সে বিষয়ে ইতিপূর্বের সিদ্ধান্ত কত টুকু বাস্তবায়ন হয়েছে জানতে চান।<br>আলোচনায় অংশ নিয়ে পৌরসভার সচিব জনাব কাজী শরিফুল ইসলাম জানান- আপনাদের পরামর্শ ও সার্বিক সহযোগিতার কারনে আমরা ইতোমধ্যে পৌর পশুহাট বসাতে সক্ষম হয়েছি। পশু হাটটি পৌরসভার রাজস্ব আদায়ে ভুমিকা রাখবে বলে আশা করছি।<br>আর পৌরসভার রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড পৌরসভা কর্তৃক ইজারা দেওয়ার বিষয়ে একন পর্যন্ত আইনি জটিলতার কারনে ইজারার ব্যবস্থা করতে নক্ষম হয়নি। তবে আমাদের চেষ্টা অব্যহত আছে।<br>পৌরসভার রাজস্ব আদায়ের লক্ষে পৌর পশু হাট বসানোর জন্য অত্র সভা সন্তোষ প্রকাশ সহ পৌর কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান।<br>সভাতে আরো জানাননো হয় ইতোমধ্যে পৌরসভার সকল ব্যবসায়ীদের তালিকা সংগ্রহ করে তাদের প্রত্যেককে ট্রেড লাইসেন্স এর আওতায় আনার বিষয়ে সকল ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে অচিরেই মতবিনিময় সভা করে সিদ্ধান্ত নেওয়া হবে। | তন্মধ্যে চলতি কোয়ার্টার পর্যন্ত আদায় হয়েছে ৫০,৪১,৫৭৫/- টাকা। আদায়ের হার ১৭.৬৯%।<br>অত:পর কর বাহির্ভুত রাজস্ব আদায়ের আলোচনায় অংশ নিয়ে পৌরসভার সচিব জনাব কাজী শরিফুল ইসলাম জানান- আপনাদের পরামর্শ ও সার্বিক সহযোগিতার কারনে আমরা ইতোমধ্যে পৌর পশুহাট বসাতে সক্ষম হয়েছি। পশু হাটটি পৌরসভার রাজস্ব আদায়ে ভুমিকা রাখবে বলে আশা করছি।<br>আর পৌরসভার রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড পৌরসভা কর্তৃক ইজারা দেওয়ার বিষয়ে একন পর্যন্ত আইনি জটিলতার কারনে ইজারার ব্যবস্থা করতে নক্ষম হয়নি। তবে আমাদের চেষ্টা অব্যহত আছে।<br>পৌরসভার রাজস্ব আদায়ের লক্ষে পৌর পশু হাট বসানোর জন্য অত্র সভা সন্তোষ প্রকাশ সহ পৌর কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। | আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড পৌরসভা কর্তৃক ইজারা হয় না। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি কল্পে আগামীতে আমরা উক্ত রেল বাজার পৌরসভা কর্তৃক ইজারা দেওয়া দেখতে চায়। পৌরসভার দোকান ভাড়াসহ সকল আয় বাজার মূল্যের সাথ সামঞ্জস্য রেখে কি ভাবে বৃদ্ধি করা যায় সে বিষয়ে ইতিপূর্বের সিদ্ধান্ত কত টুকু বাস্তবায়ন হয়েছে জানতে চান।<br>আলোচনায় অংশ নিয়ে মেয়র মহোদয় জানান- আপনাদের পরামর্শ ও সার্বিক সহযোগিতার কারনে আমরা ইতোমধ্যে পৌর পশুহাট বসাতে সক্ষম হয়েছি। পশু হাটটি পৌরসভার রাজস্ব আদায়ে ভুমিকা রাখবে বলে আশা করছি।<br>আর পৌরসভার রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড পৌরসভা কর্তৃক ইজারা দেওয়ার বিষয়ে একন পর্যন্ত আইনি জটিলতার কারনে ইজারার ব্যবস্থা করতে নক্ষম হয়নি। তবে আমাদের চেষ্টা অব্যহত আছে।<br>পৌরসভার রাজস্ব আদায়ের লক্ষে পৌর পশু হাট বসানোর জন্য অত্র সভা সন্তোষ প্রকাশ সহ পৌর কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। | |
| ১৩. | গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | - কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান আছে।<br>পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কম্পিউটারাইজড বিল প্রিন্টের ০৯ টি কপি ইং ০৭-১০-২০১৬ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অক্টোবর-ডিসেম্বর/২০১৬ ত্রৈমাসিকে ১০,৫২৩ টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়। এর মধ্যে ১,৪২৪ জন গ্রাহক পৌরকর পরিশোধ করেছে। পৌরকর আদায়ের পরিমান ৮১,১৭,০৫৩/- টাকা।<br>TLCC এর সম্মানিত সদস্যবৃন্দ পৌরকর আদায় সন্তোষ জনক হয়নি বলে অভিমত ব্যক্ত করেন। সদস্য বৃন্দ পৌরকর বৃদ্ধির ব্যাপারে আরো সচেষ্ঠ হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। | - কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান আছে।<br>পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কম্পিউটারাইজড বিল প্রিন্টের ০৯ টি কপি ইং ০৭-০১-২০১৭ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | **ট্যাক্স কালেকটর** |
| ১৪. | ঘ)পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | **আলোচনায় অংশ নিয়ে** TLCC এর সম্মানিত সদস্য মোছা ঃ | চুয়াডাঙ্গা পৌরসভায় ২০১৬-২০১৭ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ | **আলোচনায় অংশ নিয়ে** TLCC এর সম্মানিত সদস্য মোছা ঃ সেলিনা বেগম অভিযোগ করেন- তার বাড়ীর আশে | ওয়াটার সুপার |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
